যুগান্তর

পৃঃ ১০ কলাম ৭

DEC. 27 2001

# বালাগঞ্জে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চলছে না চলার মতো

**বালাগঞ্জ (সিলেট) প্রতিনিধি**

উপজেলার মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় অত্যন্ত করুণ অবস্থা চলছে। শিক্ষাবোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের কোন তদারকি নেই। যার ফলে দিন দিন উপজেলার মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার মান কমে যাচ্ছে।

উপজেলার ২৪টি বিদ্যালয়। এর মধ্যে ২টি বালিকা বিদ্যালয় এবং বাকি ২২টি বিদ্যালয় বালক ও বালিকা সমন্বয়ে গঠিত। অধ্যয়নরত ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ১২ হাজার। ১৩টি ইউনিয়ন নিয়ে গঠিত বালাগঞ্জ উপজেলার পশ্চিম পৈলনপুর ইউনিয়নে কোন মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়নি; যার ফলে এ ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের পার্শ্ববর্তী ইউনিয়নের মাধ্যমিক বিদ্যালয়ে পড়ালেখা করতে হয়। বিদ্যালয়গুলোর সমস্যা অনেক। আনুপাতিকহারে শিক্ষক নেই। ভবন ও আসবাবপত্রের অভাব, খেলার মাঠ নেই। বিজ্ঞানাগারে যন্ত্রপাতির অভাব, লাইব্রেরি নেই। কিছু কিছু বিদ্যালয়ে রয়েছে প্রশাসনিক স্থবিরতা। কমিটি ও শিক্ষকদের মধ্যে আন্তরিকতার অভাব। শিক্ষক উপস্থিতিতে দায়বদ্ধতা নেই। শ্রেণীকক্ষে পাঠদানে মন্থরগতি। অধিকাংশ বিদ্যালয়ের শিক্ষকরা প্রাইভেট টিউশনি নিয়ে ব্যস্ত। বেশির ভাগ বিদ্যালয়ে বার্ষিক বাজেট প্রণয়ন হয় না। অভ্যন্তরীণ অডিট হয় না। আর হলেও তা মন্ত্রণালয় ও বোর্ড কর্তৃপক্ষকে দেয়া হয় না। বিভিন্ন সময়ে বোর্ড ও মন্ত্রণালয়ের সার্কুলারগুলোও কমিটির সভায় উপস্থাপন হয়নি বলে বিভিন্ন সূত্র থেকে জানা গেছে।